

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা।  
৬২/৩, পুরানা পল্টন, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (১৯ ও ১২ তলা), ঢাকা-১০০০।  
www.vatdhkeast.gov.bd

নম্বর: ২(২৩)১৪১/জনপ্রশাসন/সদর/নিয়োগ/২০১৮/৮৫৮

তারিখ: ০৮ কার্তিক ১৪২৬  
২৩ অক্টোবর ২০১৯

## ‘নিয়োগ বিজ্ঞপ্তি’

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকার নিম্নের ছকের ৩ নম্বর কলামে উল্লিখিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য নিম্নবর্ণিত শর্তে যোগ্য প্রার্থীদের নিকট হতে অনলাইন দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্র.ন.	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	উচ্চমান সহকারী (গ্রেড-১৪) ১০,২০০-২৪,৬৮০/-	০৭ টি	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হতে হবে। খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ হতে হবে।	ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী ও কিশোরগঞ্জ
২।	ক্যাশিয়ার (গ্রেড-১৪) ১০,২০০-২৪,৬৮০/-	০৪ টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হতে হবে (বাণিজ্য বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।)	
৩।	সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) ১০,২০০-২৪,৬৮০/-	০১ টি	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ; এবং গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ ও ইংরেজীতে ৭০ শব্দ গতি সম্পন্ন এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ ও বাংলায় ২৫ শব্দের গতি সম্পন্ন হতে হবে।	
৪।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/-	২৬ টি	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।	
৫।	গাড়ীচালক (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/-	১৫ টি	ক) অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) ৩ বছরের গাড়ি চালানোর বাস্তব অভিজ্ঞতাসহ বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।	
৬।	সিপাই (গ্রেড-১৭) ৯,০০০-২১,৮০০/-	৩০ টি	ক) এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) উচ্চতা: পুরুষ ন্যূনতম ৫.৪', মহিলা ন্যূনতম ৫.২', বুকের মাপ : ন্যূনতম ৩০'-৩২' (উভয় ক্ষেত্রে)	
৭।	ডেসপাস রাইডার (গ্রেড-১৮) ৮,৮০০-২১,৩১০/-	০১ টি	এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ও মোটর সাইকেল লাইসেন্সধারী।	
৮।	অফিস সহায়ক (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/-	২০ টি	অষ্টম শ্রেণী পাস	
৯।	নৈশ প্রহরী (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/-	০২ টি	অষ্টম শ্রেণী পাস	
১০।	ঝাড়দার/সুইপার (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/-	০২ টি	অষ্টম শ্রেণী পাস	

## নিম্নবর্ণিত শর্তাবলি প্রযোজ্য হবে:

- আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;
- ৩০-১১-২০১৯খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।